


বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বুধবার থেকে শিক্ষা কার্যক্রম শুরু

প্রতিনিধি, গোপালগঞ্জ

০৮ অক্টোবর ২০১৯, ১৮:৫৮
আপডেট: ০৮ অক্টোবর ২০১৯, ১৯:৫৯




পূজার ছুটির মধ্য দিয়ে আগামীকাল বুধবার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরবিপ্রবি) সব ধরনের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য মো. শাহজাহান বিষয়টি নিশ্চিত করছেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রায় সাত দিন উপাচার্যবিহীন থাকার পর গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয় থেকে মো. শাহজাহানকে ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে দায়িত্ব পালনের নির্দেশ দেওয়া হয়েছে। মো. শাহজাহান বলেন, তাঁকে শিক্ষা

মন্ত্রণালয় থেকে মুঠোফোনের খুদে বার্তার মাধ্যমে দায়িত্ব পালনের বিষয়টি জানানো হয়। তিনি আশা প্রকাশ করেন, আগামীকাল বিশ্ববিদ্যালয় খোলার দিন তিনি আনুষ্ঠানিক চিঠি পাবেন।

মো. শাহজাহান বলেন, ইতিমধ্যেই সব বিভাগের চেয়ারম্যানকে আগামীকাল থেকে শিক্ষা কার্যক্রম শুরু করার নির্দেশনা দেওয়া হয়েছে। এ ছাড়া ছাত্র আন্দোলনের ফলে যেসব ক্লাস-পরীক্ষা বন্ধ ছিল, সেসব ক্লাস-পরীক্ষার বিষয়েও আগামীকাল সব বিভাগের চেয়ারম্যানদের সঙ্গে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে।



এদিকে আন্দোলনকারী শিক্ষার্থীরাও নিশ্চিত করেছেন, তাঁরা আগামীকাল থেকে ক্লাসে ফিরে যাবেন। আন্দোলনকারীদের নেতৃত্বে থাকা এক শিক্ষার্থী বলেন, ‘আমরা খোন্দকার নাসিরউদ্দিনের পদত্যাগের দাবিতে আন্দোলন করেছিলাম। যেহেতু আন্দোলন সফল হয়েছে, আমরা অবশ্যই শিক্ষা কার্যক্রমে ফিরে যাব।’

উল্লেখ্য, সৈরাচারী আচরণ, আর্থিক দুর্নীতি, নারী কেলেক্ষারিসহ নানা অভিযোগে গত ১৮ সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়টির তৎকালীন উপাচার্য খোন্দকার নাসিরউদ্দিনের পদত্যাগের দাবিতে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা। টানা ১২ দিনের আন্দোলনের মাঠায় ৩০ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে পদত্যাগপত্র জমা দেন খোন্দকার নাসিরউদ্দিন। তাঁর স্থলাভিষিক্ত হন বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিকস অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) বিভাগের অধ্যাপক মো. শাহজাহান।